ঘুষ ঠেকাতে সাইনবোর্ডে মোবাইল নম্বর

ঝিনাইদহের কালীগঞ্জে ঘুষ ঠেকাতে সাইনবোর্ডে নিজের মোবাইল নম্বর দিয়েছেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভুপালী সরকার। তার এমন উদ্যোগ সবার নজর কেড়েছে।

ভুপালী সরকার জমির নামজারিসহ ভূমি অফিসের যেকোনো কাজের জন্য সরকারি ফি ছাড়া কাউকে অতিরিক্ত টাকা না দেয়ার পরামর্শ দিয়েছেন। তার নেয়া এ উদ্যোগ সফলে সহযোগিতা করতে নিজ কার্যালয়সহ সব ইউপির ভূমি অফিসগুলোর সামনে একটি করে সাইনবোর্ড টাঙিয়ে দেয়া হয়েছে। যেখানে কাজের বিবরণসহ সরকারি ফি উল্লেখ করে নিজের মোবাইল নম্বরও দিয়েছেন।

ফয়লা গ্রামের আব্দুস সবুর বলেন, এটি মহৎ উদ্যোগ। মানুষ সাইনবোর্ড দেখে জানতে পারছেন সরকারি ফি কত। ই-সেবা বা জমির নামজারির অন্য বিষয়ে গ্রামের অনেকেই অনভিজ্ঞ। ফলে বাধ্য হয় দালালদের কাছে যেতে হয়।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভুপালী সরকার বলেন, জমির নামজারির ক্ষেত্রে সরকার নির্ধারিত কোর্ট ফি ২০ টাকা, নোটিশ জারি ফি ৫০ টাকা, রেকর্ড সংশোধন ফি এক হাজার টাকা ও মিউটেশন খতিয়ান ফি একশ টাকা সহ ১১৭০ টাকা। এর অতিরিক্ত কোনো টাকা ভূমি অফিসের কেউ নিলে বা হয়রানি করলে সরাসরি আমাকে কল করতে বলা হয়েছে।

তিনি আরো বলেন, ঘুষ দাতা-গ্রহীতা দুইজনই অপরাধী। ফলে কোনো ধরনের অনিয়ম প্রমাণিত হলে উভয়কেই শাস্তির আওতায় আনা হবে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত

ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে ঝিনাইদহে জেলা ফুটবল এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় আহসানুজ্জামান ঝন্টু সভাপতি নির্বাচিত হয়েছেন।

সোমবার দুপুরে ৪র্থ বার্ষিকী এ নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার আমিনুর ইসলাম এ তথ্য জানান।

এছাড়াও কমিটিতে সহ-সভাপতি পদে আশরাফুল আলম, এ্যাড. বিকাশ কুমার ঘোষ, কোষাধ্যক্ষ পদে নাজমুল আলম বাকী, সদস্য পদে হাসানুজ্জামান খোকো, শেখ শফি কুদ্দুস, এ কে এম রেজাউল হাকিম পিকুল, নুরুদ্দিন পিকু, তোহিদুল ইসলাম সংগ্রাম, আনিচুর রহমান, রাশিদুর রহমান রাসেল, মীর সুলতানুজ্জামান লিটন, ওয়াহিদুজ্জামান ইকু নির্বাচিত হয়েছেন।

এর আগে ২০ জানুয়ারি চুড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত, ২২ জানুয়ারি মনোনয়নপত্র সংগ্রহ, ২৩ জানুয়ারি মনোনয়নপত্র জমা, ২৪ জানুয়ারি মনোনয়ন পত্র প্রত্যাহার, ২৫ জানুয়ারি মনোনয়নপত্র যাচাই বাছায় ও প্রার্থী চুড়ান্ত করা হয়। নব-নির্বাচিত এই ১৩ জন নেতৃবৃন্দ সাধারণ সম্পাদক পদে লোক নিয়োগ দিবেন।

নব-নির্বাচিত এই কমিটি জেলার ফুটবল অঙ্গনকে সারাদেশে পরিচিত করে তোলাসহ সার্বিক উন্নয়ন করবে এমনটি আশা করছেন জেলার ক্রীড়াবিদরা। নব-গঠিত এই কমিটিকে স্বাগত জানিয়েছেন নানা শ্রেণী পেশার মানুষ। নির্বাচনে সহকারী নির্বাচন কমিশনারের দ্বায়িত্ব পালন করেন এম মোস্তাফিজুর রহমান বরসাত ও বাচ্চু মিয়া।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ফেন্সিডিলসহ প্রাইভেট কার আটক

ঝিনাইদহ সদর উপজেলার বানিয়াবহু গ্রাম থেকে ৩’শ ৮২ বোতল ফেন্সিডিলসহ ঢাকা মেট্রো-গ-১১-২৭৫২ নম্বর প্রাইভেট কারটি আটক করেছে পুলিশ।
সোমবার সকালে ফেন্সিডিল ও প্রাইভেট কারটি আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে বানিয়াবহু এলাকা দিয়ে মাদক পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে সদর থানার ওসি (তদন্ত) এমদাদ হোসেন, ওসি (অপারেশন) আবুল খায়ের ও নলডাঙ্গা ক্যাম্পের আইসি নাঈমসহ পুলিশের একটি দল সেখানে অভিযান চালায়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পালিয়ে যায়। সেখান থেকে প্রাইভেট কারসহ ফেন্সিডিল উদ্ধার করা হয়।

এদিকে ঝিনাইদহ সদর থানার ডাকবাংলা বাজার পুলিশ ক্যাম্পের আইসি মকলেছুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে সাধুহাটী বাসস্যান্ড থেকে যাত্রীবাহী সাথী পরিবহনের একটি বাস থেকে চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার ধুপাখালী গ্রামের শরিফুল ইসলামের নিকট থেকে ৩০বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন শুরু

ঝিনাইদহে শুরু হয়েছে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন। এ উপলক্ষে গতকাল শনিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হয়।

পরে সেখানে বেলুন উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করা হয়। পরে শিল্পকলা

একাডেমী মিলনাতনে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।
জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. প্রফেসর হারুন-উর-রশিদ আসকারী।

তিনি বলেন, নজরুল ছিলেন একজন বিস্ময়কর বাঙালী প্রতিভা। মাত্র ২৩ বছরেই তিনি বিপুল প্রতিভার জন্ম দিয়ে গেছেন। তিনি ছিলেন, অকুতোভয় ও দ্রোহী কবি। তিনি ছিলেন মানবতাবাদী ও সকল ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। তিনি নজরুলকে মননে গ্রহণ করার জন্য নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান। এতে একেক জন সুপারম্যান হতে পারবে বলেও তিনি আশা করেন।

অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন কবি নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আব্দুর রাজ্জাক ভূঞা।

এসময় আরও বক্তব্য রাখেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, পুলিশ সুপার হাসানুজ্জামান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান প্রফেসর ড. আনোয়ার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন কবি নজরুল ইসলাম ইনস্টিটিউটের সচিব মো: আব্দুর রহিম।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের আয়োজনে ঝিনাইদহ জেলা প্রশাসনের সহযোগিতায় শনিবার থেকে শুরু হওয়া এ সম্মেলন শেষ হবে আগামী ২৭ জানুয়ারি। ৩ দিন ব্যাপী এ অনুষ্ঠানে কবি গান পরিবেশন, আলোচনা সভা ও তার জীবন দর্শণ নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

মেপ্র/ইএম

হরিনাকুন্ডুতে শিক্ষা প্রতিষ্ঠানের ভবন ও পাকা

রাস্তার উদ্বোধন

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের তিন তলা ও দুর্লভপুর মাধ্যমিক বিদ্যালয়ের এক তলা ভবন নির্মাণ এবং পাকা রাস্তা উদ্বোধন করেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দীকি সমি।

এর আগে গতকাল শনিবার বিকেলে সদর উপজেলার আমতলা বাজারে জে.এইচ.এস অটিষ্টিক ও বুদ্ধি ও প্রতিবন্ধী বিদ্যালয় পরিদর্শন করেন তিনি।

এ উপলক্ষে মকিমপুর মাধ্যমিক বিদ্যালয় এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সে সময় মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এমপি তাহজীব আলম সিদ্দীকি সমি।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ এগিয়ে যাচ্ছে। উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। আওয়ামী লীগের নেতাকর্মীদের সকল ভেদাভেদ ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে এক যোগে কাজ করে ঝিনাইদহের উন্নয়নের ধারা অব্যাহত রাখার আহবান জানান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন হরিনাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন, আওয়ামী লীগ নেতা ফজলুর রহমান মালিতা, রশিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক লস্কার, রওশন আলী, যুব লীগ নেতা কামাল হোসেন, রোকনুজ্জামান রিপন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাস সহ অন্যান্যরা।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ২৫ জানুয়ারি শুরু

হচ্ছে জাতীয় নজরুল সম্মেলন

ঝিনাইদহে আগামী ২৫ জানুয়ারি শুরু হচ্ছে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন। গতকাল সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এ তথ্য জানান।

‘নজরুলের অপ্রচলিত গানের সুর সংগ্রহ, স্বরলিপি প্রণয়ন, সংরক্ষন, প্রচার এবং নবীন প্রজন্মকে উদ্বুদ্ধকরন শীর্ষক প্রকল্পের আওতায় এ সম্মেলন অনুষ্ঠিত হবে। ২৫ জানুয়ারি সকালে র্যালী ও আলোচনার মাধ্যমে সম্মেলনের উদ্বোধন করবেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

৩ দিন ব্যাপী এ সম্মেলনে আলোচনা সভা, সংগীত পরিবেশনসহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলেও জানান তিনি।

সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক ছাড়াও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রবিউল ইসলাম ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ সাংস্কৃতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তির ঘটনায় স্কুল শিক্ষক আটক

ঝিনাইদহের শৈলকুপায় ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তিমূলক পোষ্ট করার ঘটনায় পিন্টু কুমার মজুমদার নামের এক স্কুল শিক্ষককে আটক করেছে পুলিশ।

সে উপজেলার রঘুনন্দনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কুমিড়াদহ গ্রামের চন্ডি প্রশাদ মজুমদারের ছেলে।

জানা যায়, গত বুধবার সকালে নিজের ফেসবুকে ইসলাম ধর্ম ও মুসলিম সম্প্রদায় নিয়ে ধর্মীয় উষ্কানীমূলক স্টাটাস দেয় পিন্টু কুমার মজুমদার।

পরে বিষয়টি জানাজানি হবার পর রাতে উত্তেজনার সৃষ্টি হয়। স্থানীয়রা ওই বাড়িটিতে হামলা চালায়। তারা বিক্ষোভ প্রদর্শন করে।

শৈলকুপা সার্কেলের সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম জানান, বিষয়টি জানার পর কুমিড়াদহ গ্রাম থেকে ওই শিক্ষক পিন্টু কুমার মজুমদারকে আটক করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তিনি আরো জানান, বর্তমানে ওই এলাকায় পুলিশ, সরকার দলীয় নেতাকর্মী, ছাত্রলীগ ও স্থানীয় গন্যমান্য বক্তিবর্গ উপস্থিত রয়েছে। এখন পরিস্থিতি শান্ত রয়েছে।

এ ঘটনায় আটককৃতের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়েছে। রাতেই ঘটনাস্থল পরিদর্শন করেছেন পুলিশ সুপার হাসানুজ্জামান।

মেপ্র/ইএম

হরিনাকুন্ডুর ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে নবীনবরণ ও বিদায় অনুষ্ঠিত

হরিনাকুন্ডু উপজেলার কাপাশহাটিয়া ইউনিয়নের ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের ২০২০ সালের এস.এস.সি শিক্ষার্থীদের বিদায় ও নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের স্কুল মাঠের উন্মুক্ত মঞ্চে এ বিদায় ও বরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্কুলের সভাপতি মহিউদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিনাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুস আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৫নং কাপাশহাটিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরাফতদৌলা ঝন্টু, ৬নং ফলসী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফজলুর রহমান, আব্দুর রউফ ডিগ্রী কলেজের প্রভাষক শাহানুর আলম, সহকারী শিক্ষক আশরাফ আলী প্রমুখ।

পবিত্র কোরআন তেলোয়াত ও গীতাপাঠের মাধ্য দিয়ে অনুষ্ঠান শুরু করে। বিদায়ী ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ ও অত্র স্কুলের সহকারী শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

অনুষ্ঠান পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক বিধান চন্দ্র বিশ্বাস। আলোচনা শেষে প্রধান অতিথি বিদায়ী শিক্ষার্থীদের মাঝে উপহার সামগ্রী তুলে দেন।

মেপ্র/ আরপি

কালীগঞ্জে প্রতিবন্ধি ধর্ষনের দায়ে যুবক গ্রেফতার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার জলকার মাজদিয়া গ্রামে বুধবার দুপুরে ২৪ বছরের স্বামী পরিত্যক্তা এক প্রতিবন্ধি নারী ধর্ষিত হয়েছে।

এ ঘটনায় ধর্ষক আলামিনকে গ্রেফতার করেছে পুলিশ। আলামিন একই গ্রামের তরকারী বিক্রেতা নরুন্নবীর ছেলে।

সুবর্নাসরা পুলিশ ক্যাম্পের তদন্ত কর্মকর্তা এএসআই সাকিল খান জানান, মঙ্গলবার দুপুরে ওই স্বামী পরিত্যক্তা মাঠে ছাগল চরাতে যায়। এ সময় আলামিনও মাঠে ছিল। মাঠে একা পেয়ে তাকে ধর্ষন করে পালিয়ে যায় ধর্ষক দুই সন্তানের জনক আলামিন।

খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে কালীগঞ্জ উপজেলার সোনালীডাঙ্গা গ্রাম থেকে মঙ্গলবার রাত ৮টার দিকে ধর্ষক আলামিনকে গ্রেফতার করে।

পুলিশ আরো জানায়, ধর্ষিত ওই নারীর বিয়ের পর সন্তান প্রসব করতে গিয়ে অঙ্গহানী ঘটে। এরপর তার স্বামী তালাক দেয়।

এ ব্যাপারে কালীগঞ্জ থানায় মামলার প্রস্তুতি চলছিল বলে এ.এস.আই সাকিল খান জানান।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে যুবলীগ নেতাকে পিটিয়ে জখম

ঝিনাইদহে আশরাফুল ইসলাম নামের এক যুবলীগ নেতাকে পিটিয়ে ও কুপিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

বুধবার সকালে সদর উপজেলার মধুহাটি ইউনিয়নের চোরকোল গ্রামে এ ঘটনা ঘটে। আহত আশরাফুল ইসলাম ওই গ্রামের মৃত আব্দুল বারিকের ছেলে ও মধুহাটি ইউপি সদস্য। এ ঘটনায় সদর থানায় একটি লিখিত অভিযোগ দাখিল করা হয়েছে।

লিখিত অভিযোগে জানা যায়, চোরকোল গ্রামের ডালিমের বাড়ির সামনে হতে গফফারের বাড়ি পর্যন্ত লোক চলাচলের জন্য একটি কাচা রাস্তা তৈরী করা হয়েছে। ওই গ্রামের কায়েমের নেতৃত্বে রাস্তার পাশে পুকুর কেটে ট্রাক্টর গাড়িতে করে ওই রাস্তা দিয়ে মাটি বহন করছে। যে কারণে নতুন রাস্তাটি মাটি ভেঙে চুরে নষ্ট হয়ে যাচ্ছে।

এ ঘটনার মঙ্গলবার প্রতিবাদ করায় বুধবার সকালে চোরকোল বাজারে হুজুর আলীর চায়ের দোকান থেকে বাড়ি ফেরার পথে পূর্ব থেকে ওৎ পেতে থাকা ওই গ্রামের গোলজার হোসেন, কায়েম আলী, ইসটালিংসহ বেশ কয়েকজন লোক তার উপর অতর্কিত হামলা চালিয়ে লোহার রড দিয়ে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর জখম করে।

এসময় তার আত্ম চিৎকারে আশেপাশের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ মধুহাটি ইউনিয়ন যুবলীগের আহবায়ক আশরাফুল ইসলামের উপর অতর্কিত হামালার তীব্র নিন্দা জানান এবং অবিলম্বে দোষিদের গ্রেফতারের দাবি জানান।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, এ ব্যাপারে একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেপ্র/ আরপি